

দুর্গম এলাকায় মানসম্মত শিক্ষায় কাজ করছে এসজিজিপিএস

নিজস্ব বার্তা পরিবেশক

দেশের দুর্গম এলাকায় প্রাথমিক শিক্ষাব্যবস্থায় মানসম্মত শিক্ষা জোরদার করার লক্ষ্যে কাজ করে যাচ্ছে 'প্রাথমিক বিদ্যালয়ে মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে' সুশাসন (এসজিজিপিএস) প্রকল্প। এই প্রকল্পের দুর্গম এলাকায় অত্যন্ত আগ্রহীয়তায় জাগরণ ও পরিবর্তন সূচিত হয়েছে। এর অধিকতা ও শিক্ষণীয় দিকগুলো অন্য দুর্গম এলাকার জন্য অনুকরণীয় দৃষ্টান্ত হয়ে পড়েছে।

গতকাল সার্বজনীন ব্র্যাক সেটের ঢাকা আয়ুর্হানিয়া মিশনের উদ্যোগে প্রাথমিক বিদ্যালয়ে 'মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে' সুশাসন (এসজিজিপিএস) প্রকল্পের বাট পর্যায়ের অধিকতা অর্জন ও বিনিময় বিষয়ক এক জাতীয় কর্মশালায় বক্তারা এ কথা বলেন। ঢাকা আয়ুর্হানিয়া মিশনের নির্বাহী পরিচালক ড. এম এছানুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ডিজি শ্যামল কান্তি ঘোষ। অন্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন মানুষের জন্য ফাউন্ডেশনের কর্মকর্তা অরিফ হোসেন বান, তপন কুমার দাশ, ঢাকা আয়ুর্হানিয়া মিশনের কর্মকর্তা মেওয়ান হোহরার উদ্দিন এবং এসজিজিপিএস প্রকল্পের সমন্বয়কারী সচিবুর রহমান

স্বল্পসংখ্যক সরকারি ১৫ বেসরকারি পর্যায়ের প্রতিনিধিত্ব উপস্থিত ছিলেন। মানুষের জন্য ফাউন্ডেশন-এর অর্থিক ও কারিগরি সহায়তায় এই প্রকল্পটি বাস্তবায়ন করছে ঢাকা আয়ুর্হানিয়া মিশন। কর্মশালায় বক্তারা বলেন- ঢাকা আয়ুর্হানিয়া মিশন দীর্ঘদিনের মানবাধিকার, সুশাসন, চর্চাবোধিত্ব ও শিখনবিষয়ক অতিমাত্রায় পুষ্টি করে প্রাথমিক শিক্ষায় সুশাসন, সুব্যবস্থাপনা ও জন সংগ্রহগত কার্যক্রম বেগবান করতে কাজ করে যাচ্ছে। এর ধারাবাহিকতায় হাওর পরিবেষ্টিত সুনামগঞ্জ জেলার ধর্মপাশা উপজেলায় মানুষের জন্য ফাউন্ডেশন-এর অর্থিক ও কারিগরি সহায়তায় 'প্রাথমিক বিদ্যালয়ে মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে' সুশাসন (এসজিজিপিএস) প্রকল্পটি বাস্তবায়ন করে আসছে। প্রকল্পের বাট পর্যায়ের অধিকতা অধিকতা ও লৌপল দেশের দীর্ঘ-নির্ধারকদের সঙ্গে বিনিময়ের মাধ্যমে উন্নয়নের মূল ধারণা সম্পৃক্ত হওয়া সম্ভব হবে বলে মনে করেন বক্তারা।

কর্মশালায় জানানো হয়, সুনামগঞ্জ জেলার ধর্মপাশা উপজেলার ৩টি ইউনিয়নে ৩৬টি বেসরকারি ও সরকারি প্রাথমিক বিদ্যালয়, ফুলছড়ি উপজেলার ৩টি ইউনিয়ন গজারিয়া, উদাখালী ও ফুলছড়ি ইউনিয়নে ৫টি বেসরকারি ও সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বাস্তবায়িত হয়েছে।